গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিবহন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.১২১.১৮.০০৯.১৫-১৬৯

তারিখ : ০৫ পৌষ ১৪২৫ বঙ্গাব্দ
১৯ ডিসেম্বর ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন

বিষয় : উপজেলা নির্বাহী অফিসারগণের সরকারি যানবাহনে জ্বালানি তেল/সিএনজি-এর প্রাপ্যতা।

উপজেলা নির্বাহী অফিসারগণের সরকারি যানবাহনে জ্বালানি তেল/সিএনজি ব্যবহারের বিষয়ে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে-

উপজেলা নির্বাহী অফিসারগণের ব্যবহৃত সরকারি যানবাহনে জ্বালানি তেল অথবা সিএনজি যে কোন একটি ব্যবহার করা যাবে। উপজেলা নির্বাহী অফিসারগণের জ্বালানি তেল/সিএনজি-এর প্রাপ্যতা নিম্নরূপ :

ক. যে সকল উপজেলার ইউনিয়ন সংখ্যা ১০ অথবা এর কম, সে সকল উপজেলার জন্য জ্বালানি তেলের বরাদ্দ ১৮০ লিটারের স্থলে সর্বোচ্চ ২১০ লিটার পেট্রোল/অকটেন অথবা সর্বোচ্চ ৩০০ ঘনমিটার সিএনজি করা হলো।

খ. যে সকল উপজেলার ইউনিয়ন সংখ্যা ১১ থেকে ১৫ পর্যন্ত, সে সকল উপজেলার জন্য জ্বালানি তেলের বরাদ্দ ১৮০ লিটারের স্থলে সর্বোচ্চ ২৩০ লিটার পেট্রোল/অকটেন অথবা সর্বোচ্চ ৩২৮ ঘনমিটার সিএনজি করা হলো।

গ. ১৬ থেকে তদূর্ধ্ব ইউনিয়ন বিশিষ্ট উপজেলার জ্বালানি তেলের বরাদ্দ ১৮০ লিটারের স্থলে সর্বোচ্চ ২৫০ লিটার পেট্রোল/অকটেন অথবা সর্বোচ্চ ৩৫৮ ঘনমিটার সিএনজি করা হলো।

ঘ. সিএনজিচালিত যানে রূপান্তরিত ইঞ্জিন সচল রাখার স্বার্থে ইতঃপূর্বের ইঞ্জিন স্টার্টের তেলের বরাদ্দ অপরিবর্তিত থাকবে।

২। এতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতি রয়েছে।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৯/১২/১৮

(কামরুল হাসান)
উপসচিব
ফোন : ৯৫৪৫৫৩৩

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৩. মহা হিসাব নিয়ন্ত্রক, মহা হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৪. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৫. বিভাগীয় কমিশনার (সকল).....
৬. মন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭. জেলা প্রশাসক (সকল).....
৮. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৯. সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
১১. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
১২. উপজেলা নির্বাহী অফিসার (সকল).....
১৩. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক (সকল).....
১৪. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল).....
১৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।

১৯/১২/১৮

কামরুল হাসান
উপসচিব
ফোন: ৯৫৪৫৫৩৩